



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ফেনী সরকারী কলেজ, ফেনী

স্থাপিত: ১৯২২

ডাকঘর-ফেনী, উপজেলা-ফেনী, জেলা-ফেনী

ফোন : ০২৩৩৪৪-৭৪০৪৯ Email: fenigovcollege@yahoo.com

Website: www.fgc.gov.bd



তারিখ : ২১/০৬/২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অধিভুক্ত বিষয়সমূহে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত বিষয়সমূহে ফেনী সরকারী কলেজে রেজিস্ট্রেশন করা যাবে।

বিষয়ের নাম	বিষয় কোড	বিষয়ের নাম	বিষয় কোড
বাংলা	১০০১	রাষ্ট্রবিজ্ঞান	১৯০১
অর্থনীতি	২২০১	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	১৬০১
ব্যবস্থাপনা	২৬০১	হিসাববিজ্ঞান	২৫০১

আবেদনের সাধারণ যোগ্যতা ও শর্তাবলী :

১। আবেদনের যোগ্যতা

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০২৩ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৫ থেকে ২০২৩ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ থেকে ২০২৩ পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ-১ এর 'গ' এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

২। অনলাইন আবেদনের নিয়মাবলী

- ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নির্বাচিত কলেজসমূহে অধিভুক্ত প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন প্রার্থী আবেদন করতে পারবে।
- আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Preli. Private) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল
- আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

প্রাথমিক আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফি এর টাকা জমাদান পদ্ধতি :

<https://billpay.sonalibank.com.bd/CollegeFee/Payment/Application?eiin=106642>

লগ ইন করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন এর ভর্তি রোল নং ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে “ সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG) ” এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেস্স কার্ড, নেক্রাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-

বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে **২৬৭০/- (দুই হাজার**

ছয়শত সত্তর) টাকা জমা দিতে হবে অন্যথায় ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

প্রয়োজনীয় কাগজপত্র :

- জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রাথমিক আবেদন এর কপি।
- স্নাতক (পাস) কোর্স পরীক্ষার সিজিপিএ প্রাপ্ত মার্কশীট এর কপি।
- স্নাতক (পাস) কোর্স পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি।
- দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গিকারনামা।

আবেদন ফরম জমাদানের স্থান :

কলেজ প্রশাসনিক ভবন এর নিচ তলায় ১০০১ নং কক্ষ মাস্টার্স শাখা

ফরম জমাদানের শেষ তারিখ : ২৪/০৬/২০২৬ খ্রি. তারিখ থেকে ৩০/০৬/২০২৬ খ্রি. দুপুর ২.০০ টা পর্যন্ত

(সরকারি ছুটির দিন ব্যতীত)

আবেদনকারীর আবেদন ফরম ও টাকা জমাদানের পে-স্লিপ নির্দিষ্ট সময়ের মধ্যে কলেজ অফিসে জমা না দিলে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।

জনাব মোঃ সাইফুল ইসলাম, হিসাব সহকারী, মোবাইল : ০১৭১১০৭২৫৯৫

অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ, ফেনী

২১/০৬/২০২৬